



# আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড

প্রধান কার্যালয়, গ্রিগ সিটি এজ (৫ম ও ৬ষ্ঠ তলা)

৮৯, কাকরাইল, ঢাকা- ১০০০।

## বিজ্ঞপ্তি

বিনিয়োগ হিসাবের “সুদ মওকুফ/নিষ্পত্তি সুবিধা-২০২৫” গ্রহণ প্রসঙ্গে।

আইসিএমএল প্রধান কার্যালয়সহ সকল শাখা কার্যালয়ের সম্মানিত বিনিয়োগ হিসাবধারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গ্রাহকগণের আবেদন, বাজার পরিস্থিতি বিবেচনায় আইসিএমএল ইনভেস্টরস্ স্কীমের আওতায় ৩১.০৩.২০২৫ তারিখ স্থিতিভিত্তিক ২০% এর অধিক সম্পদ ঘাটতিযুক্ত বিনিয়োগ হিসাবে **সুদ মওকুফ/নিষ্পত্তি সুবিধা-২০২৫** এর মেয়াদ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আগামী **২৫.০৩.২০২৬** তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়েছে। ২০% এর অধিক সম্পদ ঘাটতিযুক্ত বিনিয়োগ হিসাবের তালিকা ১২ মে ২০২৫ তারিখ সোমবার প্রকাশিত **দৈনিক বণিক বার্তা** এবং **The Financial Express** পত্রিকায় বিজ্ঞপ্তি আকারে প্রকাশিত হয়।

যে সকল বিনিয়োগকারীগণ পূর্বনির্ধারিত সময়সীমার মধ্যে **সুদ মওকুফ/নিষ্পত্তি সুবিধা-২০২৫** গ্রহণের জন্য আবেদন করেননি তাদেরকে উক্ত সময়সীমার মধ্যে নির্ধারিত ফরমে আবেদনপত্র দাখিলের উদ্দেশ্যে আইসিএমএল প্রধান কার্যালয়সহ সকল শাখা কার্যালয়ে যোগাযোগ করার জন্য অনুরোধ জানানো হলো। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য কোম্পানির ওয়েবসাইটে ([www.icml.com.bd](http://www.icml.com.bd) ও [www.icml.gov.bd](http://www.icml.gov.bd)) পাওয়া যাবে এবং প্রধান কার্যালয়সহ সকল শাখা কার্যালয় হতে সংশ্লিষ্ট আবেদন ফরম সংগ্রহ করা যাবে।

উল্লেখ্য, পত্রিকায় প্রকাশিত হিসাবসমূহের বিনিয়োগকারীগণ **সুদ মওকুফ/নিষ্পত্তি সুবিধা-২০২৫** গ্রহণ না করলে অর্থাৎ বর্ণিত সময়সীমার মধ্যে আবেদন না করলে বিনিয়োগ হিসাবে বিদ্যমান সিকিউরিটিজসমূহ আবশ্যিকভাবে বিক্রয়পূর্বক বিনিয়োগ হিসাবসমূহ বিদ্যমান বিধিমালা অনুযায়ী বন্ধের ব্যবস্থা গ্রহণ করা হবে।

(সুকুং কুমার দেবনাথ)

উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা

আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা

ফোনঃ ০২-৮৩০০৩৭৯

ই-মেইল : [dceo\\_merch@icml.com.bd](mailto:dceo_merch@icml.com.bd)